



## 14103 - ইফতারের সময় দুআ

### প্রশ্ন

রোজাদারের জন্য ইফতারের সময় একটি কবুলযোগ্য দু'আর সুযোগ রয়েছে। এ দু'আটি কিখন করতে হবে; ইফতারের আগে; নাকি ইফতারের মাঝে; নাকি ইফতারের পরে? এ সময়ে পড়া যায় এমন কোন দুআ যদি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে বর্ণিত হয় থাকে সঠিক যদি উল্লেখ করতেন।

### প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।

এ প্রশ্নটি শাইখ উছাইমীন (রহঃ) এর কাছে উত্থাপন করা হলে তিনি বলেন:

ইফতারের পূর্বে সূর্যাস্তের সময় এ দু'আটি করা যতে পারে। কারণ এ সময় মানুষের অন্তর বগিলতি হওয়ার সাথে মানুষ নত হয়; উপরন্তু সে তো রোজাদার। এ অবস্থাগুলো দু'আ কবুলের উপকরণ। আর ইফতার করার পরে তো আত্মা প্রশান্ত হয়, মন খুশি হয়; তাই এ সময়ে গাফলত পিয়ে বসা স্বাভাবিক। তবে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে ইফতারের পরে উচ্চারণ করার জন্য একটি দু'আ বর্ণিত হয়েছে যদি সে হাদিসটি সহি সাব্যস্ত হয়। সে দু'আটি হচ্ছে-

"ذَهَبَ الظَّمَأُ وَأَبْتَلَّتِ العُرُوقُ، وَنَبَتَ الأَجْرُ إِنْ شَاءَ اللهُ"

অর্থ- "তৃষ্ণা দূর হয়েছে; শরীরাগুলো সিক্ত হয়েছে এবং প্রতদিন সাব্যস্ত হয়েছে; ইনশাআল্লাহ"। [সুনানে আবু দাউদ, আলবানী হাদিসটিকে সহি আবু দাউদ গ্রন্থ (২০৬৬) 'হাসান' বলছেন] এ দু'আটি অবশ্যই ইফতারের পরে পাঠযোগ্য। অনুরূপভাবে কোন কোন সাহাবী থেকে বর্ণিত আছে যে,

اللهم لك صمت وعلى رزقك أفطرت

অর্থ- "হে আল্লাহ! আমি তোমার জন্য রোজা রেখেছি এবং তোমার রযিক দিয়ে ইফতার করছি।"

অতএব, আপনি যে দু'আকে উপযুক্ত মনে করেন সঠিক পাঠ করতে পারেন।

আল্লাহই ভাল জানেন।